



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বিষয়ক সেমিনার**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বিষয়ে উদ্বুদ্ধকরণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৩ অক্টোবর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। উপ-কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৩ (বৈতনিক), নোয়াখালী, কর অঞ্চল ওই সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপ-কর কমিশনার নোয়াখালী এনামুল হাসান-আল-নোমান। সেমিনারের রিসোর্স পার্সন ছিলেন সিনিয়র আয়কর আইনজীবী মোঃ আতিক উল্লাহ।

প্রধান অতিথির বক্তৃতায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী সরকারি চাকরিজীবীদের রিটার্ন বাধ্যতামূলকভাবে অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে রিটার্ন দাখিল করলে তাৎক্ষণিকভাবে সনদও পাওয়া যাবে। কাজেই আমাদের অনলাইনে রিটার্ন দাখিলে আগ্রহী হতে হবে। সরকারী কর্মচারী হিসেবে সরকারের বাড়তি আয়ে সহায়তা ও দেশের উন্নয়নে সহযোগিতা করা আমাদের কর্তব্য। আশা করছি, আমরা শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সকলেই অনলাইনে রিটার্ন জমা দেব।

নোবিপ্রবি পরিচালক হিসাব (ভারপ্রাপ্ত) মোহাম্মদ সাইদুর রহমানের সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য দেন নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। সেমিনারে নোবিপ্রবি বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানসহ শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০২১ সালে অনলাইনে কর জমা দেওয়ার এই সিস্টেম চালু হয়। ইতিমধ্যেই ২০২১-২০২২ কর বছরে ৬১,৪৯১ জন, ২০২২-২০২৩ কর বছরে ২,৪৪,৪৮১ জন ও ২০২৩-২০২৪ কর বছরে ৫,২৬,৪৮৭ জন করদাতা অনলাইনে 'ই-রিটার্ন' দাখিল করেছেন। ব্যক্তিশ্রেণীর করদাতাগণ ৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে জাতীয় রাজস্ব বোর্ডের [www.etaxnbr.gov.bd](http://www.etaxnbr.gov.bd) ওয়েবসাইটে নিজের তথ্য উপস্থাপনের মাধ্যমে সহজেই রেজিস্ট্রেশন সম্পন্ন করে ২০২৪-২০২৫ কর বছরের 'ই-রিটার্ন' দাখিল করতে পারবেন। এই পদ্ধতি ব্যবহার করে ব্যক্তিশ্রেণীর করদাতাগণ নিজের রিটার্ন তৈরী, অনলাইনে রিটার্ন দাখিল অথবা অফলাইনে রিটার্ন দাখিলের জন্য প্রিন্ট গ্রহণ, অনলাইন ব্যাংকিং, ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস যেমন- নগদ, বিকাশ, রকেট ইত্যাদির মাধ্যমে কর পরিশোধসহ অন্যান্য সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন। এই সিস্টেমে রেজিস্ট্রেশন করতে টিআইএন ও করদাতার নিজ নামে বায়োমেট্রিক ভেরিফাইড মোবাইল নম্বর প্রয়োজন হয়। আমি আশা করি আপনারা 'ই-রিটার্ন' পদ্ধতি ব্যবহার করে সহজেই নিজ নিজ কর পরিশোধ করবেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪